দৈনিক
ইনকিলাব

তারিখ ২6 APR 2009
পৃষ্ঠা ১৬ কলাম ২

# শিক্ষার উন্নয়নে বরাদ্দে কোন কৃপণতা হবে না

—অর্থমন্ত্রী

সিলেট অফিস

শিক্ষা ক্ষেত্রে পিছিয়ে পড়া সিলেটকে স্ব-মহিমায় ফিরিয়ে নিতে ৪২ দফা সুপারিশ প্রণয়ন করেছেন চার মন্ত্রী, সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সিলেটের বিশিষ্ট শিক্ষাবিদগণ। গতকাল (শনিবার) প্রথমবারের মতো সিলেটে অনুষ্ঠিত-বিভাগীয় পর্যায়ে শিক্ষা পর্যালোচনা সেমিনারে খোলামেলাভাবে এ সুপারিশ তুলে ধরা হলো। সেমিনারে উপস্থিত সরকারের পৃঃ ২ কঃ ৭

## শিক্ষার উন্নয়নে বরাদ্দে কোন

*১৬-এর পৃষ্ঠার পর*

চার মন্ত্রী ও শিক্ষাবিদগণ নিজ নিজ বক্তব্যে, হতাশা প্রকাশ করে বলেন, সিলেট সারাদেশের তুলনায় শিক্ষা ক্ষেত্রে অনেক পিছিয়ে। যথাযথ ব্যবস্থাপনা, প্রর্যাপ্ত মানসম্পন্ন শিক্ষা প্রতিষ্ঠান, যোগ্যতা সম্পন্ন শিক্ষক, ভূ-প্রকৃতি ও সামাজিক দায়িবোধের অভাবই এজন্য দায়ী। এ অবস্থা মোকাবিলা করে শিক্ষা ক্ষেত্রে সিলেটকে স্ব-মহিমায় ফিরিয়ে নিতে সেমিনারে ৪২ দফা সুপারিশ প্রণয়ন করা হয়। প্রণীত এ সুপারিশ আগামী এক সপ্তাহের মধ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণ ও এর নিরিখে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্তও নেয়া হয়।

অর্থমন্ত্রী আবুল মাল আব্দুল মুহিত সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে বলেন 'শিক্ষার উন্নয়নে বরাদ্দে কোন কৃপণতা হবে না। যে কোন মূল্যে শিক্ষা ক্ষেত্রে সিলেটের অতীত ঐতিহ্য ফিরিয়ে আনতে হবে।' মন্ত্রী আরও বলেন, ২০০১ থেকে ২০০৮ সাল পর্যন্ত ৮ বছরে 'দুর্বৃত্ত সরকার' যাচাই-বাছাই ছাড়াই ১২ হাজারের অধিক মাধ্যমিক বিদ্যালয়কে এমপিওভুক্ত করেছে। এ সব মাধ্যমিক বিদ্যালয়ের পাঠদানরত শিক্ষকরা শিক্ষা ব্যবস্থা ধ্বংস করে দিচ্ছেন। তিনি শিক্ষার উন্নয়নে শিক্ষক নিয়োগে স্বচ্ছতার প্রয়োজনীতা তুলে ধরে বলেন, আমাদের শিক্ষার্থীদের ঝরেপড়া রোধ করতে হবে। তিনি বলেন, বিগত চারদলীয় জোট ও পরবর্তী দু'বছর দেশে অনির্বাচিত সরকার দেশের শিক্ষার ব্যাপারে তাদের কোন দায়িত্ব পালন করেনি। গতকাল দুপুরে সিলেট নগরীর রিকাবীবাজারস্থ এম সাইফুর রহমান অডিটোরিয়ামে শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং সিলেট বিভাগীয় ও জেলা প্রশাসন আয়োজিত 'সিলেট বিভাগের শিক্ষার সমস্যা ও করণীয়' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্য রাখছিলেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, সমাজকল্যাণ মন্ত্রী এনামুল হক মোস্তফা শহীদ, শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, জাতীয় সংসদের চিফ হুইপ আব্দুস শহীদ, শিক্ষা প্রতিমন্ত্রী মোতাহার হোসেন ও সিলেট সিটি কর্পোরেশনের মেয়র বদর উদ্দিন আহমদ কামরান। বিভাগীয় কমিশনার ড. জাফর আহমেদ খানের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন সংসদ সদস্য হাফিজ আহমদ মজুমদার, শফিকুর রহমান চৌধুরী, মাহমুদ-উস-সামাদ কয়েস চৌধুরী, ইমরান আহমদ, মুহিবুর রহমান মানিক, আব্দুল মজিদ খান, আবু জাহিদ, সৈয়দা জেবুন্নেসা হক ও শাম্মী আক্তার এবং সিলেটের জেলা প্রশাসক সাজ্জাদুল হাসান। অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে সমাজকল্যাণ মন্ত্রী এনামুল হক মোস্তফা শহীদ বলেন, আমরা বিশেষ করে সিলেটের শিক্ষার উন্নয়ন করতে চাই। মন্ত্রী ক্ষোভ প্রকাশ করে বলেন, সমস্যা শুধু ছাত্র-শিক্ষক-অভিভাবকদের মধ্যে নয়, সরকারী টেক্সটবুক, টেক্সট বোর্ড এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অনেক দোষ রয়েছে। তাই একাডেমিক শিক্ষায় শিক্ষিত হলেও প্রকৃত শিক্ষায় শিক্ষিতদের সংখ্যা নগণ্য।